

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

তারিখ, ৬ কার্তিক ১৪১১/২১ অক্টোবর ২০০৮

এস, আর, ও, নং ৩০৫-আইন/২০০৮/মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিলুপ্ত বিধি ৩১ এর পর নিম্নরূপ নৃতন বিধি ৩১ক সন্নিবেশিত হইবে, যথা :—

“৩১ক। স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পণ্য সরবরাহ বা সেবা প্রদান।—(১) কোন বাংলাদেশী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোন পণ্য সরবরাহ বা কোন সেবা প্রদান হইলে উক্ত পণ্য বা সেবার বিনিময়ে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা রপ্তানীর সাধারণ নীতি অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যাবসিত হইলে আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) অনুযায়ী রপ্তানীকৃত বলিয়া গণ্য হইবে।

(২) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে আইনের ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্গণ গ্রহণ করিতে চাহিলে তাহার ক্ষেত্রে বিধি ২৯ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৭০৩)

মূল্য : টাকা ১.০০

(৩) যে নির্বন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকৃত স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাঁহার ক্ষেত্রে বিধি ৩০ এর সংশৃষ্টি বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশৃষ্টি দরপত্রের অনুলিপি, দরপত্র গ্রহণের প্রমাণপত্র, কার্য সম্পাদনের নির্দেশনামা এবং বৈদেশিক মুদ্রায় মূল্য থাণ্ডির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

**ব্যাখ্যা :** এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে “স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র” বলিতে বাংলাদেশে প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকা বা বাংলাদেশের বাহিরে প্রকাশিত আন্তর্জাতিক মানের পত্রিকায় আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি (Tender Notice) কে বুঝাইবে।”।

২। এই প্রজ্ঞাপন ২৭ শে জোড়া, ১৪১১ মোতাবেক ১০ই জুন, ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আব্দুল কাফী  
প্রথম সচিব (মূসক নীতি ও বাজেট)।

---

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।